



সৌদি আরবের বেসামরিক পারমাণবিক কর্মসূচিতে ট্রাম্পের অনুমোদন



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

সৌদি আরবের বেসামরিক পারমাণবিক কর্মসূচি গড়ে তুলতে একটি পারমাণবিক সহযোগিতা চুক্তিতে আনুষ্ঠানিক অনুমোদন দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার (২২ জুলাই) যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের উদ্ধৃত করে এ তথ্য জানিয়েছে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল। খবর আনাদোলু এজেন্সির। প্রতিবেদন অনুযায়ী, ৩০ বছর মেয়াদি এ চুক্তির সম্ভাব্য মূল্য কয়েক বিলিয়ন ডলার। এর আওতায় সৌদি আরবের পারমাণবিক অবকাঠামো উন্নয়নে মার্কিন কোম্পানিগুলোকে প্রধান ভূমিকা দেওয়ার পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে এ খাতে অন্যান্য বিদেশি প্রতিষ্ঠানের অংশগ্রহণ সীমিত রাখার লক্ষ্যও রয়েছে। চুক্তির অংশ হিসেবে, যৌথ মূল্যায়নে প্রয়োজনীয়তা প্রমাণিত হলে সৌদি আরবে একটি ইউরেনিয়াম সমৃদ্ধকরণ (এনরিচমেন্ট) কেন্দ্র নির্মাণ করবে মার্কিন প্রতিষ্ঠানগুলো। এছাড়া দেশটির পারমাণবিক কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তদারকিতেও যুক্তরাষ্ট্রের ভূমিকা থাকবে। ট্রাম্প প্রশাসনের কর্মকর্তাদের মতে, এই ব্যবস্থার মাধ্যমে সৌদি আরবের পারমাণবিক কর্মসূচি যাতে অস্ত্র তৈরির উদ্দেশ্যে ব্যবহৃত না হয়, সে বিষয়ে কার্যকর নজরদারি নিশ্চিত করা সম্ভব হবে। তবে চুক্তিটি আগামী কয়েক দিনের মধ্যে পর্যালোচনার জন্য মার্কিন কংগ্রেসে পাঠানো হলে তা নিয়ে বিতর্ক তৈরি হতে পারে বলে ধারণা করা হচ্ছে। মধ্যপ্রাচ্যের বর্তমান নিরাপত্তা পরিস্থিতিতে সৌদি আরবের পারমাণবিক সক্ষমতা সম্প্রসারণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন অনেক মার্কিন আইনপ্রণেতা।